15

দৈনিক ইত্তেফাক

তারিখ 18 DEC 1994
পৃষ্ঠা ১ কলাম ১

ক্যাম্পাসে ভাংচুর

# নির্ধারিত তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হইবে ——ভিসি

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা বিশ্ববিদ্যালয়ের এম,এ এম, এস এস এবং অনার্স ফাইনাল পরীক্ষা পূর্ব-নির্ধারিত তারিখেই অনুষ্ঠিত হইবে। গতকাল (শনিবার) পরীক্ষা পিছানোর দাবীতে একদল ছাত্র-ছাত্রী ক্যাম্পাসে ভাঙ্গচুর করার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক জরুরী সভায় এই ঘটনার নিন্দা করিয়া বলিয়াছে, পরীক্ষা পিছানোর যুক্তি সঙ্গত কোন কারণ নাই। সকল পরীক্ষা পূর্ব ঘোষিত নির্ধারীত তারিখেই অনুষ্ঠিত হইবে। তবে পবিত্র রমজান মাসে পরীক্ষার

( শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ )

ক্যাম্পাসে ভাংচুর

( ১ম পৃঃ পর )

সময়সূচীতে কিছুটা সমন্বয় ও পরিবর্তন করা যাইতে পারে। ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ সভায় সভাপতিত্ব করেন।

এদিকে আমাদের বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, অনার্স ও মাষ্টার্স পরীক্ষা পিছাইবার দাবীতে গতকাল একদল ছাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীনের অফিস ভাংচুর করে। এই সময় ২ রাউণ্ড ফাঁকা গুলী বর্ষিত হয়। একই দাবীতে পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীরা আজ (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূর্ণ দিবস ধর্মঘট আহ্বান করিয়াছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুর ১২টার দিকে একদল ছাত্র-ছাত্রী মিছিল করিয়া প্রথমে সামাজিক বিজ্ঞান ও পরেকলা অনুষদেরডীনের অফিসে হামলা চালায়। তাহারা ডীনদের অফিসের সম্মুখে কাঁচ ভাংচুর ও দরজায় উপর্যুপরি লাঠির আঘাত করে। এই সময় পর পর দুই রাউণ্ড ফাঁকা গুলী বর্ষিত হইলে ক্যাম্পাসে আতঙ্ক ছড়াইয়া পড়ে। ছাত্র-ছাত্রীরা প্রাণভয়ে দৌড়া-দৌড়ি করিতে থাকে। ইহার পূর্বে অপরাজেয় বাংলার পাদদেশে পরীক্ষার্থী ছাত্র-ছাত্রীদের এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বলা হয়, বিভিন্ন বিভাগের ইনকোর্স ও টিউটোরিয়াল পরীক্ষা এখনও শেষ হয় নাই। এই অবস্থায় কর্তৃপক্ষ ফাইনাল পরীক্ষার সময়সূচী ঘোষণা করিয়াছে। ইহা ছাড়া পবিত্র রমজান মাসে পরীক্ষা গ্রহণের যে সময়সূচী ঘোষণা করা হইয়াছে, মুসলিম ছাত্র-ছাত্রীরা কোন ক্রমেই তাহা মানিয়া নিতে পারে না।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ১৫ই জানুয়ারী হইতে কোর্স পদ্ধতির ১৯৯২ সালের শেষ পর্ব মাষ্টার্স ও ১৯৯৩ সালের অনার্স ফাইনাল পরীক্ষা শুরু করার সময়সূচী ঘোষণা করিয়াছে।